MAR. 29 2002

দৈনিক ইত্তেফাক

৭-৬ ৪

# তিন বাংলাদেশী ছাত্রকে বৃত্তি দিল আমেরিকান এলামনাই এসোসিয়েশন

ইত্তেফাক রিপোর্ট ॥ আমেরিকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার জন্য তিনজন বাংলাদেশী কৃতী ছাত্রকে বৃত্তি প্রদান করেছে আমেরিকান এলামনাই এসোসিয়েশন। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় এসোসিয়েশনের বনানী অফিসে সংক্ষিপ্ত অনুষ্ঠানে এই বৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানে এসোসিয়েশনের নির্বাহী কমিটির প্রেসিডেন্ট ডঃ আজিজুর রহমান খান, সেক্রেটারী সৈয়দ আলমাস কবির, কোষাধ্যক্ষ কার্ল ফ্রিটজ ও করোট কুকসন উপস্থিত ছিলেন। বৃত্তিপ্রাপ্ত তিনজন বাংলাদেশী ছাত্র হলেন কানেকটিকাট ইউনিভার্সিটির পিএইচডি কোর্সে মুনিম হোসেন, স্ট্যানপোর্ড ইউনিভার্সিটির আন্ডার গ্রাজুয়েট কোর্সে আসিফ জহির ও টেনেসি ইউনিভার্সিটিতে এমবিএ কোর্সে নাঈম এ মনো। আমেরিকান এলামনাই এসোসিয়েশন প্রত্যেককে ৭৫ হাজার টাকা করে বৃত্তি দিয়েছে।